



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)



মূল্যবান সময় বাঁচান, অ্যাপয়েন্টমেন্ট নিয়ে ফিটনেস সনদ গ্রহণ করুন।

মিরপুরস্থ ঢাকা মেট্রো সার্কেল-১ (বাংলাদেশ সচিবালয়সহ), ইকুরিয়াস্থ ঢাকা মেট্রো সার্কেল-২, উত্তরা দিয়াবাড়িস্থ ঢাকা মেট্রো সার্কেল-৩ এবং ঢাকা জেলা সার্কেল হতে অনলাইনে অ্যাপয়েন্টমেন্ট নিয়ে নির্ধারিত সময়ে মোটরযান হাজির করে ফিটনেস নবায়ন সনদ গ্রহণ করুন।

ফিটনেস সনদ গ্রহণের জন্য অ্যাপয়েন্টমেন্ট প্রক্রিয়াঃ

ধাপ-১: (বিএসপি'তে রেজিস্ট্রেশন) (১) www.bsp.brta.gov.bd → নিবন্ধন বাটনে ক্লিক করুন → নাম, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর, ইমেইল আইডি এবং পাসওয়ার্ডের তথ্য দিয়ে “নিবন্ধন করুন” বাটনে ক্লিক করুন।

(২) প্রদত্ত ইমেইলে প্রবেশ করুন → BSP থেকে প্রাপ্ত মেইলের ইউজার এক্টিভেশন লিংকে ক্লিক করুন → পূর্বে প্রদত্ত সেল ফোন/মোবাইল নম্বর বা ইমেইল আইডি এবং পাসওয়ার্ড প্রদান করে লগ ইন বাটনে ক্লিক করুন → মোবাইল/সেল ফোনে প্রাপ্ত One Time Password (OTP) প্রদান করে ভেরিফাই বাটনে ক্লিক করে বিআরটিএ সার্ভিস পোর্টাল সিস্টেমে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করুন।

ধাপ-২: (মোটরযান সংযুক্তকরণ) সেল ফোন/মোবাইল নম্বর বা ইমেইল আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে বিএসপি'তে (www.bsp.brta.gov.bd) লগইন করুন → মোটরযান নিবন্ধন মেন্যুতে ক্লিক করুন → মোটরযান সংযুক্তকরণ অপশনে ক্লিক করুন → রেজিস্ট্রেশন নম্বর (শেষ চার সংখ্যা), উৎপাদনের বছর, চেচিস নম্বর ও ইঞ্জিন নম্বরের তথ্য দিয়ে অনুসন্ধান করে “সংযুক্ত করুন” বাটনে ক্লিক করুন।

ধাপ-৩: (ফিটনেসের জন্য অ্যাপয়েন্টমেন্ট) অ্যাপয়েন্টমেন্ট মেন্যুতে ক্লিক করুন → ফিটনেসের জন্য অ্যাপয়েন্টমেন্ট এ ক্লিক করুন → অ্যাপয়েন্টমেন্ট এর তারিখ, রেজিস্ট্রেশন নম্বর, শাখা (ঢাকা মেট্রো-১ (সেকশন-১৩ মিরপুর, বাংলাদেশ সচিবালয়সহ), ঢাকা মেট্রো-২ (ইকুরিয়া), ঢাকা মেট্রো-৩ (উত্তরা) ও ঢাকা জেলা (সাভার) সার্কেলের যে কোনো একটি সার্কেল নির্বাচন করুন), টাইম স্লট এবং মোবাইল নম্বর নির্বাচন করে “সংরক্ষণ” বাটনে ক্লিক করুন।

ধাপ-৪: ফিটনেসের জন্য ইমেইল/মোবাইলে প্রাপ্ত ই-টোকেনের সিরিয়াল নম্বরসহ ফিটনেস নবায়নের আবেদন ফরম পূরণ করে ফিটনেস এবং অগ্রিম আয়করের ফি জমা রশিদ নিয়ে নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট সার্কেলে মোটরযান হাজির করে ফিটনেস নবায়ন সনদ গ্রহণ করুন।

বি.দ্রঃ (১) ফিটনেস Expired Date এর তারিখে টাইম স্লটে Serial না থাকলেও Appointment এর জন্য শেষ স্লটে (Slot-4(04:00 PM-05:00 PM)) আবেদন করতে পারবেন। (২) বিএসপি সংশ্লিষ্ট যে কোনো সমস্যায় ১৬১০৭ বা ০৯৬১০৯৯০৯৯৮ কল সেন্টার নম্বরে যোগাযোগ করুন (কল সেন্টার সরকারি ছুটির দিন ব্যতিত রবি থেকে বৃহস্পতিবার সকাল ০৯ টা থেকে বিকাল ০৫ টা পর্যন্ত খোলা থাকে) (৩) বিআরটিএ সার্কেলের হেল্পডেস্ক থেকে বিএসপি'তে ফিটনেস অ্যাপয়েন্টমেন্ট নিতে সহায়তা প্রদান করা হয়। (৪) তারপরেও যদি বিএসপি'তে ফিটনেস অ্যাপয়েন্টমেন্ট নিতে কোন ধরনের সমস্যা হয় তাহলে সংশ্লিষ্ট সার্কেলের সহকারী পরিচালক (ইঞ্জিঃ) এর সাথে যোগাযোগ করুন।